নিক বাংলা

৪৭

২২/১১/৮১

# সরকারী কলেজে মাস্টারস কোর্স চালুর প্রশ্নে উচ্চ পর্যায়ের কমিটি

(স্টাফ রিপোর্টার)

সরকারী কলেজগুলোতে অনার্স ও মাস্টার্স কোর্স প্রবর্তনের বিষয়টি বিবেচনা এবং এ ব্যাপারে নীতিমালা প্রণয়নের জন্যে সরকার উচ্চ পর্যায়ের একটি কমিটি গঠন করেছেন। আগামী ৩১শে ডিসেম্বরের মধ্যে কমিটি সরকারের নিকট রিপোর্ট পেশ করবেন।

এই কমিটি সরকারী কলেজগুলোতে যেসব বিষয়ে অনার্স ও মাস্টার্স কোর্স প্রবর্তন করা হয়েছে তার বর্তমান পরিস্থিতি পর্যালোচনা, ছাত্রসংখ্যা, পাঠদানের সুযোগ-সুবিধা ও জাতীয় প্রয়োজনের প্রেক্ষিতে তা অব্যাহত রাখার প্রয়োজনীয়তা সম্পর্কে সরকারকে পরামর্শ দান করবেন। কোন সরকারী কলেজে কোন বিষয়ে অনার্স ও মাস্টার্স কোর্স প্রবর্তনের পর ইতিমধ্যে কোন কারণে তা বন্ধ হয়ে থাকলে পুনরায় প্রবর্তন এবং নতুন কোর্স খোলার ব্যাপারটিও পর্যালোচনা করবেন। এছাড়া কমিটি বিভিন্ন সরকারী কলেজের শিক্ষক সংখ্যা পুনর্বিন্যাসের মাধ্যমে নতুন অনার্স ও মাস্টার্স কোর্স প্রবর্তন সম্ভব কিনা তাও পরীক্ষা করে দেখবেন।

শিক্ষা মন্ত্রণালয় গঠিত এই কমিটির আহবায়ক নিযুক্ত হয়েছেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সদস্য ডঃ কাজী আবদুল লতিফ। সদস্যদের মধ্যে রয়েছেন: শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্ম সচিব জনাব এম এ খান, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা দফতরের পরিচালক, পরিকল্পনা কমিশনের শিক্ষা বিভাগীয় প্রধান, ঢাকা, রাজশাহী ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের মনোনীত এক